

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব সিফাত আনোয়ার তুমপা, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।
সময়	:	বেলা ১২:৩০ ঘটিকা।
সভার তারিখ	:	২৮.০৭.২০২৪ খ্রি.।
স্থান	:	উপজেলা পরিষদের “পায়রা” সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা- “পরিশিষ্ট-ক”

সভার প্রারম্ভে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তালতলী উপজেলায় ২০২৩-২৪ অর্থবছরে ২য় কিস্তিতে একক গৃহ নির্মাণ, কবুলিয়ত রেজিস্ট্রেশন, জ্বালানী ও পরিবহণ ব্যয় নির্বাহের জন্য ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন গুচ্ছগ্রাম- ২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প খাতে ৬৩টি গৃহ নির্মাণ বরাদ্দ পাওয়া যায়। গৃহ নির্মাণ কার্যক্রমের অগ্রগতি ও উপকারভোগী নির্বাচন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	(১.১) ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন গুচ্ছগ্রাম- ২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পে তালতলী উপজেলায় নিদ্রারচর ৪৩টি ও চান্দখালী গুচ্ছগ্রামে ১৮টিসহ মোট ৬১টি গৃহ নির্মাণ বরাদ্দ সম্পর্কে ব্যাপক আলোচনা করেন।	(১.১) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী কে প্রকল্প অফিস কর্তৃক নির্ধারিত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী নির্মাণাধীন গৃহের প্রকৌশলগত ও গুণগত মান নিশ্চিত করার জন্য নিয়মিত সাইট মনিটরিং করাসহ ক্রয়কৃত পণ্যের গুণগত মান যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। (১.২) নিদ্রারচর গুচ্ছগ্রামে ৪৩টি এবং চান্দখালী গুচ্ছগ্রামে ১৮টি গৃহে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পুনর্বাসনের জন্য উপকারভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে স্ব স্ব ইউনিয়নে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন থাকলে তা শনাক্ত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল সংশ্লিষ্ট সকল
০২	(২.১) চেয়ারম্যান সোনাকাটা ইউপি সভায় বলেন, নিদ্রারচর পুরাতন গুচ্ছগ্রাম বহুবছর আগে তৈরি করা হয়েছে। বেশির ভাগ ঘরগুলোই বেরী বাঁধের বাইরে হওয়ায় প্রতি বছরই কয়েকটি ঘর সম্পূর্ণ পানির নিচে তলিয়ে যাচ্ছে। তাছাড়া বর্তমানে অনেকেরই ঘর ব্যবহারের সম্পূর্ণ অনুপযোগী হয়ে পড়েছে। ৮০% ঘরের টিন জং পড়ে ফুটো হয়ে গেছে কারো ঘরে টিনই নেই। বস্তা দিয়ে কোন রকম জীবন	(২.১) চান্দখালী গুচ্ছগ্রামে উপকারভোগী নির্বাচনের জন্য একটি যাচাই-বাছাই কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি আবেদনসমূহ সরেজমিনে যাচাই-বাছাইপূর্বক পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। (২.২) নিদ্রারচর গুচ্ছগ্রামের স্থানে ৪৩টি পরিবার পুনর্বাসনের জন্য তাদের মধ্যে হতে যেঘরগুলো ৯০% বসবাসের অনুপযোগী সেই স্থানে বা তার পাশে গৃহ নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৪৩টি গৃহের জন্য উপযুক্ত উপকারভোগী পাওয়া	সংশ্লিষ্ট কমিটি সংশ্লিষ্ট সকল

২

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৩	যাপন করেছে। পুরাতন গুচ্ছখামে বসবাসরত মানুষেরা তাদের নতুন করে ঘর বরাদ্দের জন্য অনুরোধ করেছেন। (৩.১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, নিদ্রাচর পুরাতন গুচ্ছখামের মালামালসমূহ উক্ত স্থানে নিলাম দেয়া যায় মর্মে সকলকে অবহিত করেন।	না গেলে তৎস্থানে বা তার আশেপাশে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন থাকলে তাদের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৩.১) নিদ্রাচর পুরাতন গুচ্ছখামের মালামালের যথাযথ প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিলামের মাধ্যমে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী'কে অনুরোধ জানান। এছাড়া প্রকল্প বাস্তবায়ন কমিটির অন্যান্য সদস্য/সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানদের গৃহ নির্মাণ কাজ প্রাক্কলন অনুযায়ী বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী সংশ্লিষ্ট সকল

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Stamp
২৮/০৭/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি
তালতলী, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪৯২.০০০.২৩.০৩৫.২১-১০৪৮

তারিখ : ২৮.০৭.২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো -

- ০১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, বরগুনা ও সভাপতি, জেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি, বরগুনা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুনা।
- ০৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা।
- ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী, বরগুনা।
- ০৭। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা।
- ০৮। অফিস কপি।